দৈনিক জনকণ্ঠ

তারিখ 27 SEP 1995

পৃষ্ঠা ১ কলাম ৬

25

# বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউটে সন্ত্রাস ॥ নিরাপত্তার অভাবে ছাত্রছাত্রীদের হল ত্যাগ

**স্টাফ রিপোর্টার, বরিশাল ॥** নিরাপত্তাহীনতার কারণে পলিটেকনিক ইনস্টিটিউটের ৩শ' ছাত্র একযোগে হোস্টেল ত্যাগ করেছে। মঙ্গলবার বিকালে কলেজ অধ্যক্ষকে এ বিষয়ে জানিয়ে তারা হোস্টেল ত্যাগ করে। ছাত্রদের অভিযোগ স্থানীয় চাঁদাবাজদের হাতে তাদের বন্দী হয়ে থাকতে হয়। মামলা দায়ের সত্ত্বেও পুলিশ চাঁদাবাজদের কাউকে গ্রেফতার করেনি। গত কয়েকদিন ধরে এ নিয়ে কলেজে উত্তেজনা এবং এক দফা সংঘর্ষও হয়। ঘটনার সূত্রপাত বৃহস্পতিবার রাতে। ঐদিন বহিরাগত চাঁদাবাজরা নতুন ছাত্রাবাসের মেস ম্যানেজার ও ২য় বর্ষ যন্ত্রকৌশলের ছাত্র দীপঙ্কর কীর্তনীয়ার কাছে চাঁদা দাবি করে না পেয়ে তাকেসহ ১০ জনকে বেধড়ক মারধর করে। পরবর্তীতে এ ঘটনাকে কেন্দ্র করে কলেজে উত্তেজনার সৃষ্টি হয়। এক পর্যায়ে চাঁদাবাজদের সাথে সংঘর্ষও ঘটে। ছাত্ররা সম্মিলিত সংগ্রাম পরিষদ গঠন

(শেষ পৃষ্ঠা ৮ কঃ দেখুন)

## বরিশাল পলিটেকনিক

(প্রথম পাতার পর)

করে চাঁদাবাজদের গ্রেফতারের দাবিতে বিক্ষোভ করে আসছিল। এ ব্যাপারে একটি মামলা দায়ের করা হলেও পুলিশ কাউকে গ্রেফতার করেনি। অবশেষে কলেজের ৩শ' ছাত্রছাত্রী মঙ্গলবার তাদের নিরাপত্তাহীনতা ও দোষীদের শাস্তি দাবি করে কলেজ অধ্যক্ষকে লিখিতভাবে জানিয়ে কলেজ ত্যাগ করে। এর ফলে কলেজের সকল পরীক্ষা পরীক্ষার্থীদের অভাবে বন্ধ হয়ে যাবে। কলেজ অধ্যক্ষ জনকণ্ঠকে ফোনে ৩শ' ছাত্রছাত্রীর হোস্টেল ত্যাগের ঘটনা স্বীকার করেছেন। সাধারণ ছাত্রদের অভিযোগ, পুলিশ চাঁদাবাজদের গ্রেফতারে সক্রিয় হলে আমাদের নিরাপত্তাহীনতায় ভুগতে হতো না।